গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়পুর, লক্ষ্মীপুর
www.raipur.lakshmipur.gov.bd

স্মারক নং- ০৫.৪২.৫১৫৮.০০১.০৬.০০১.২২- ৪৪৪

তারিখঃ ০৭ আষাঢ় ১৪২৯
২১ জুন ২০২২

**রায়পুর উপজেলার জুন/২০২২ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মামুনুর রশিদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
রায়পুর, লক্ষ্মীপুর।
সভার তারিখ : ২১ জুন, ২০২২ খ্রি.
সময় : দুপুর ১২:০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, রায়পুর

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরকে অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে উক্ত সভার সদস্য সচিব উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর মে/২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। | গত সভার কার্যবিবরণী | ৩৪-০ ভোটে গত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়। | |
| ০২। | সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা। | নতুন করে সরকারি কোন বিধি আলোচনা বা পর্যালোচনা হয়নি। | |
| ০৩। | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা। | অদ্যকার সভায় মাননীয় সংসদ সদস্য মহোদয়ের কোন সুপারিশ নেই। | |
| ০৪। | উপজেলা স্বাস্থ্য ও পরিবারপরিকল্পনা বিভাগ ঃ- উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, মে/২০২২ খ্রি. মাসে বহিঃবিভাগে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৭,১৯৪ জন, জরুরী বিভাগে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৪৭১ জন, ভর্তি রোগীর সংখ্যা ৭০০ জন, মোবাইল সেবা ১৭২ জন, নরমাল ডেলিভারি ৩২ জন, সিজার ১৯, কোভিড-১৯ ভ্যাকসিন পরিচালনা কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স- এ স্বাস্থ্য সেবার মান উন্নয়ন ও করোনা ভাইরাসে সকলকে স্বাস্থ্যবিধি মেনে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ওপরিবার পরিকল্পনা কর্মকর্তা, রায়পুর। |

| | | | |
|---|---|---|---|
| ৫। | উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা জানান, (ক)২০২১-২২ অর্থ বছরে আউশ প্রণোদনা ২৮০০ জন কৃষকদের অগ্রাধিকার নামের তালিকা উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। তা কৃষকদের মাঝে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। (খ) তিনি আরো জানান, ৫০% ভর্তুকিতে অত্র রায়পুর উপজেলায় ০৩ টি কম্বাইন হারভেস্টার মেশিন উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি কর্তৃক অনুমোদন করা হয়েছে এবং আবেদনকৃত কৃষকদের মাঝে উক্ত কম্বাইন হারভেস্টার মেশিন বিতরণ সম্পন্ন করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে প্রণোদনা বিতরণ ও বরাদ্দ সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণের সাথে আলোচনা করে তালিকা প্রস্তুত করে, প্রকৃত কৃষক এর তালিকা যাচাই বাছাই করে কৃষি উপকরণ বিতরণ করার জন্য ও বিভাগীয় কার্যক্রম যথারীতি সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৬। | উপজেলা প্রকৌশল বিভাগ ঃ- ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) কাজ শতভাগ সম্পূর্ন হয়েছে এবং উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিলের আওতাধীন প্রকল্পসমূহর কাজ ৯৫% সম্পূর্ন হয়েছে। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সকল প্রকল্প দাখিল করার সময় প্রকল্পের বর্তমান অবস্থার ছবি প্রদান করতে হবে এবং কাজ সমাপ্ত করার পর নেমপ্লেটসহ কাজের ছবি বিলের সাথে সংযুক্ত করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিলের আওতাধীন প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, রায়পুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট সকল |
| ০৭। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, মে/২০২২ খ্রি. মাসের বিভাগীয় কার্যক্রম যথাক্রমে হাসপাতালে গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ১,৬৬৬ টি, হাঁস-মুরগি টিকা প্রদান৩৩,৩৩৩ টি, গবাদি পশুর চিকিৎসা প্রদান ১,৩৩৩ টি, হাঁস-মুরগি চিকিৎসা প্রদান ৫,৮৩৩ টি, কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ৩৭৫ টি, রাজস্ব আদায় ২০,৫৩০/- টাকা।এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমসহ হাসপাতালে গবাদি পশু চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন সহ বিভিন্ন প্রশিক্ষণ যথাসময়ে করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ০৮। | উপজেলা মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ২০ মে থেকে ২৩ শে জুলাই পর্যন্ত সমুদ্রে সকল প্রকার মাছ ধরা নিষিদ্ধ থাকবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভায় আলোচনা করা হয়।এছাড়া ২২০ জন জেলেদের মাঝে ৫৬ কেজি হারে ১২.৩২ মেঃ টন চাল বরাদ্দ পাওয়া গেছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২০ মে থেকে ২৩ শে জুলাই পর্যন্ত সমুদ্রে সকল প্রকার মাছ ধরা নিষিদ্ধ থাকবে বিধায় আইনের সার্বিক বাস্তবায়নে এ বিষয়ে বহুলপ্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হয়। ০২ নং উত্তর চরবংশী ইউনিয়নের ১৯৮ জন জেলে ও ০৮ নং দক্ষিন চরবংশী ইউনিয়নের ২২ জন জেলেদের মাঝে চাল বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা/সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৯। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, (ক) মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ রুটিনে স্বাভাবিক পাঠদান চলমান রয়েছে।<br>(খ)শিক্ষা প্রতিষ্ঠানে ও উপজেলা পর্যায়ে সৃজনশীল মেধা অন্বেষণ এবং জাতীয় শিক্ষা সপ্তাহ/২০২২উদ্‌যাপন জেলা পর্যায়ে বিভিন্ন ইভেন্টে রায়পুর উপজেলা থেকে মোট ১৮ (আঠার) জন শ্রেষ্ঠ হিসাবে নির্বাচিত হয়েছে। | বিভাগীয় সকল কার্যক্রম সঠিক ভাবে সম্পন্ন করার জন্য মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ১০। | প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ (ক). উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, ২৫টি বিদ্যালয়ের ক্ষুদ্র মেরামত ও সংস্কার বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দের অনুকূলে কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে ২৫টি বিদ্যালয়ের মেরামত ও সংস্কার কাজ সঠিক ভাবে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১১। | উপজেলা খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান, বোরো ধান সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে এবং ভিজিডি কার্যক্রম চলমান রয়েছে এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই। | বোরো ধান সংগ্রহ কার্যক্রম সঠিকভাবে সম্পন্নকরণসহ ভিজিডি এর কার্যক্রম মনিটরিং এবং চাল যেন খাবার অযোগ্য না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রায়পুর কে অনুরোধ করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১২। | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, বিভিন্ন ভাতা কার্যক্রম চলমান রয়েছে এছাড়া ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই । | বিভিন্ন ভাতা ও ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম যথারীতি সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১৩। | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় যানান, ২০২১-২০২২ অর্থ বছরে যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম যথারীতি সম্পন্নকরণ, ঋণ বিতরণ ও ঋণ আদায়ে যেন কোন অনিয়ম না হয় এবং যুব মহিলা প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রশিক্ষণ নেয়ার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ (ক). উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, মে/২০২২ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী মহিলা ০২জন, ইনপ্লানন ২২ জন, আই ইউ ডি ৪৭ জন, তাছাড়া গর্ভকালীন সেবা ১২১৫, নরমাল ডেলিভারি ১৯৪ জন, প্রসব পরবর্তী সেবা ৬৮১ জনকে সেবা প্রদান করা হয়।<br>(খ). এছাড়া ২, ৩, ৪, ৫ ও ৯ নং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রগুলোর অভ্যন্তরে গর্ত ও নীচু স্থানে মাটি ভরাট করার বিষয়ে উপস্থাপন করা হয়। | (ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরে স্বাস্থ্য সেবার মান আরো উন্নয়ন করার জন্য অনুরোধ করা হয়।<br>(খ). সভায় বিস্তারিত আলোচনান্তে পর্যাক্রমে ২, ৩, ৪, ৫ ও ৯ নং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র গুলোর অভ্যন্তরে গর্ত ও নীচু স্থানে মাটি ভরাট করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৫। | উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, ভ্রাম্যমাণ প্রশিক্ষণ চলমান রয়েছে, অডিট পরিদর্শন মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই। | ভ্রাম্যমাণ প্রশিক্ষণসহ বিভাগীয় কার্যক্রম যথারীতি সম্পন্ন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উঃ সমবায় কর্মকর্তা |
| ১৬। | উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, গনশুমারী ও গৃহগননা/২০২২ এর মূল তথ্য সংগ্রহ কার্যক্রম ১৫ জুন থেকে ২১ জনু পর্যন্ত চলমান আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই। | গণশুমারি ও গৃহগননা/২০২২ এর মূল তথ্য সংগ্রহ কার্যক্রম সঠিকভাবে সম্পূর্ণ করাসহ বিভাগীয় কার্যক্রম যথারীতি সম্পন্ন করার জন্য পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা। |
| ১৭। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, সকল প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং ভিজিডি চাল যথানিয়মে বিতরণ করা হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই | প্রশিক্ষণার্থী যাচাই বাছাই যেন যথা নিয়মে করা হয় এবং ভিজিডি চাল যথানিয়মে বিতরণে যেন কোন অনিয়ম না হয় সে বিয়য়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮। | উপজেলা রেঞ্জ(বন) বিভাগ ঃ উপজেলা রেঞ্জ কর্মকর্তা জানান, ২৪০টি বসত বাড়িতে ২০ টি করৈগাছ বিতরণ/রোপন এর নিমিত্তে চারা উত্তোলন এর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই। | ২৪০টি বসত বাড়িতে ২০ টি করৈগাছ বিতরণ/রোপন কার্যক্রম সঠিক ভাবে পালনসহ বিভাগীয় কার্যক্রম যথারীতি যথাসময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা |
| ১৯। | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রায়পুর সভায় জানান,<br>(ক)প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর GPS প্রকল্পের আওতায় ০৩টি ওয়াশব্লক স্থাপনের বরাদ্দ পাওয়া যায়।<br>(খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর NNGPS প্রকল্পের আওতায় ০৫টি ওয়াশব্লক স্থাপনের বরাদ্দ পাওয়া যায়।<br>(গ) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১০টি পরিবারের বিপরীতে ০১টি কমিনিউটি বেইসড পানির উৎস স্থাপনের ১৮টি বরাদ্দের কাজ চলমান রয়েছে।<br>(ঘ) এছাড়া তিনি আরো জানান, তার অফিস সন্মুখে বর্ষাকালে পানি জমাট বেঁধে থাকায় অসুবিধার সন্মুখিন হতে হয়। উক্ত সমস্যা সমাধানের জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান আছে কোন সমস্যা নেই। | (ক) ও (খ) বরাদ্দগুলোর দ্রুত স্থান নির্বাচনের জন্য অনুরোধ করা হলো।<br>(গ) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১০টি পরিবারের বিপরীতে ০১টি কমিনিউটি বেইসড ভিত্তিক পানির উৎস স্থাপনের কাজ দ্রুত সম্পন্নকরণের জন্য অনুরোধ করা হয়।<br>(ঘ)সভায় বিস্তারিত আলোচনান্তে পরবর্তীতে প্রকল্প গ্রহণ করে ড্রেনেজ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উঃ জনস্বাস্থ্য প্রকৌ কঃ |
| ২০। | তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর ঃ তথ্য যোগাযোগ ও প্রযুক্তি কর্মকর্তা সভায় যানান, | আলোচনান্তে যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ তথ্য নেই আগামী মাসিক সভার | সহাকারী প্রোগ্রামার, তথ্য, |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলার সকল দপ্তর আগামী মাসিক সভার পূর্বে ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করেন। | পূর্বে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরের প্রধানকে অনুরোধ করা হয়। | যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর/সংশ্লিষ্ট সকল |
| ২১। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় যানান, ২০২১-২২ অর্থ বছরের টি.আর, কাবিখা, কাবিটাসহ সকল কাজ ৯৫% সম্পন্ন হয়েছে। | ক) আলোচনান্তে ২০২১-২২ অর্থ বছরের টি.আর, কাবিখা, কাবিটাসহ সকল কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যানগন |
| ২২। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, জেলাতে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা |
| ২৩। | উপজেলা পল্লী বিদ্যুৎ বিভাগ ঃডিজিএম পল্লী বিদ্যুৎ সভায় জানান, সে সকল দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে দ্রুত বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে যে সকল দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে দ্রুত বিল পরিশোধের করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ/ সংশ্লিষ্ট সকল |
| ২৪। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিআরডিবি'র আওতায় রায়পুর উপজেলায় আবর্তক কৃষি ঋণ, সদাবিক, পল্লী প্রগতি প্রকল্প, অস্বচ্ছল মুক্তিযোদ্ধা প্রকল্প, লরপেপ, পিআরডিপি,-৩, দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন কর্মসূচির কার্যক্রম চলমান আছে। উক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের মাধ্যমে ঋণ বিতরণ ঋণ আদায় করা হয়েছে। | আলোচনান্তে ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমসহ বিভাগীয় সকল কার্যক্রম যথাসময়ে যথারীতি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ২৫। | সাব-রেজিষ্ট্রার ঃ- সাব-রেজিষ্ট্রার, রায়পুর সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগের সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হয়নি। | সাব- রেজিস্ট্রার, রায়পুর- কে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সাব-রেজিষ্ট্রার, রায়পুর |
| ২৬। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক ঃ ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান, তার অফিস সংলগ্ন এলাকায় লোকজন অবাধে ময়লা ফেলার কারণে অফিসের কার্যক্রম পরিচালনা করার অনুপযোগী হয়ে পড়ে। এছাড়া ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমসহ বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। কোন সমস্যা নেই। | অফিস এলাকায় ময়লা না ফেলার ব্যাপারে দ্রুত পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়, ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমসহ বিভাগীয় সকল কার্যক্রম যথাসময়ে যথারীতি সম্পন্ন করার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক- কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২৭। | উপজেলা দারিদ্র বিমোচন বিভাগঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমসহ বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাসময়ে যথারীতি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয় | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২৮। | রিসোর্স সেন্টার ঃ ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, রায়পুর সভায় জানান, প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন বিষয়ে গবেষণা কার্যক্রম চলমান রয়েছে | প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন বিষয়ে গবেষণাসহ বিভাগীয় কার্যক্রম যথাসময়ে যথারীতি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টর |

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই। | | |
| ২৯। | ইসলামিক ফাউন্ডেশন বিভাগ ঃ ইসলামিক ফাউন্ডেশন, রায়পুর সভায় জানান, প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম বন্ধ রয়েছে। কোরআন শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে এছাড়া বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে কোন সমস্যা নেই। | কোরআন শিক্ষা কার্যক্রম সহ বিভাগীয় সকল কার্যক্রম যথাসময়ে যথারীতি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ইসলামিক ফাউন্ডেশন |
| ৩০। | শিক্ষা প্রকৌশল বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ, রায়পুর সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের বিষয়ে উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ, রায়পুর। |
| ৩১ | (ক) উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরের সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের কার্যক্রম চলমান রয়েছে। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণগুলো দ্রুত সমাপ্ত করার জন্য উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল |
| ৩২ | (ক) সভাপতি মহোদয় সভায় জানান, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্ররণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -০১ শাখা, বাংলাদেশ সচিবালয় এর ১০ আগষ্ট ২০২১ খ্রি. ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ স্মারক মুলে উপজেলা পরিষদ চেয়ারম্যানদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়ীর জ্বালানী ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার পত্র পাওয়া যায়, পত্রের আলোকে উপজেলা পরিষদের জীপ চালক জনাব মোঃ মনির হোসেন, জুলাই/২০২১ খ্রি. হইতে জুন/২০২২ খ্রি. পর্যন্ত ১২ (বার) মাসের জ্বালানী গ্যাস ও অকটেন বাবদ সর্বমোট ১,৫৯,৬৫৫/- (এক লক্ষ উনষাঁট হাজার ছয়শত পঁচান্ন) টাকার বিল দাখিল করেন।<br>(খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের অফিস ভবন এর জুলাই/২০২১ খ্রি. হইতে জুন/২০২২ খ্রি. পর্যন্ত ১২ (বার) মাসের ইন্টারনেট বিল ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা ও চেয়ারম্যান এর নতুন রুমের জন্য একটি নতুন রাউটারসহ সংযোগ স্থানান্তরকরণ বাবদ ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকার বিল উপস্থাপন করা হয়।<br><br>(গ) উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবনের অফিস কক্ষের জুলাই/২০২১ খ্রি. হইতে জুন/২০২২ খ্রি. পর্যন্ত ১২ (বার) মাসের ইন্টারনেট | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -০১ শাখা, বাংলাদেশ সচিবালয় এর ১০ আগষ্ট ২০২১ খ্রি. ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ স্মারক অনুযায়ী জুলাই/২০২১ খ্রি. হইতে জুন/২০২২ খ্রি. পর্যন্ত ১২ (বার) মাসের জ্বালানী গ্যাস ও অকটেন বাবদ সর্বমোট ১,৫৯,৬৫৫/- (এক লক্ষ উনষাঁট হাজার ছয়শত পঁচান্ন) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে (খ) ও (গ) বিলগুলো বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে ০৩ এর ঢ খাত হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর |

| | | | |
|---|---|---|---|
| | বিল ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা বিল উপস্থাপন করা হয়। | | |

৩৩। প্রত্যেক মাসে সভায় বিভাগীয় কার্যপত্র সাথে নিয়ে আসার জন্য এবং সংশ্লিষ্ট সহকারীর নিকট পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করার জন্য সভার পক্ষ হতে সকলকে অনুরোধ করা হয়।

৩৪। প্রত্যেক মাসে সভা শেষ হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে কার্যবিবরণী সম্পন্ন করে সংশ্লিষ্ট সকলের নিকট কার্যবিবরণী প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩৫। উপজেলা নির্বাহী অফিসার সম্মানিত সদস্যগণকে ধৈর্যসহকারে এ সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম ও উন্নয়ন সম্পর্কে অবহিত করা, আলোচনা করা, পরামর্শ প্রদান এবং সিদ্ধান্ত গ্রহণ করার জন্য ধন্যবাদ জানান।

৩৬। সভাপতি সভায় উপস্থিত সকলকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার অনুরোধ জানান। তিনি সকলের আন্তরিক প্রচেষ্টা ও সমন্বয় সাধনের মাধ্যমে কাজ করার জন্য আহবান জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন।

৩৭ । অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মামুনুর রশিদ) ২৯/০৬/২০২২

উপজেলা পরিষদ চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মাসিক উন্নয়ন সভা

রায়পুর, লক্ষ্মীপুর

স্মারক নং- ০৫.৪২.৫১৫৮.০০১.০৬.০০১.২২- ৪৪৪

তারিখঃ ০৭ আষাঢ় ১৪২৯
২১ জুন ২০২২

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

১। মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর- ০২, রায়পুর- লক্ষ্মীপুর সদর

২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

৩। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর

৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। উপ পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর

৬। উপজেলা ........................................................................ (সকল) কর্মকর্তা, রায়পুর, লক্ষ্মীপুর

৭। চেয়ারম্যান ....................................................................... (সকল) ইউপি, রায়পুর, লক্ষ্মীপুর

৮। জনাব ......................................................................................................................

২৭/০৬/২০২২

(অনুজন দাশ)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা পরিষদ মাসিক উন্নয়ন সভা

রায়পুর, লক্ষ্মীপুর

মোবাঃ ০১৭৮৮৫৭৭৭১১

ই-মেইল unoraipur@gmail.com